# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ০২২২৩৩৮০০৩৬; ই-মেইল ঃ dgmvsd@krishibank.org.bd


## ভিজিলেন্স স্কোয়াড বিভাগ

নং-প্রকা/ভিএসডি/প্রকা-১৫/২০২৩-২০২৪/৮৯৩ তারিখ ঃ ০৫-০৬-২০২৪ খ্রি:

সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Customer Awareness Week আয়োজনে করণীয় প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপর্যুক্ত বিষয়ে ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৭.০৪.২০২৪ ইং তারিখের পত্র নং-৪৫৫ এবং ২৯.০৪.২০২৪ ইং তারিখের পত্র নং-৫১৭ ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়ের মাধ্যমে অত্র বিভাগে পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)।

০৩। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক অত্র ব্যাংকসহ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের গ্রাহকদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকল সিটি কর্পোরেশন এবং জেলা সদরের পৌরসভার আওতাধীন শাখা পর্যায়ে নিম্নোক্ত সূচী অনুযায়ী Customer Awareness Week (গ্রাহক সচেতনতা সপ্তাহ) আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ-

| ক্র. নং | বিভাগ | সপ্তাহ | ক্র. নং | বিভাগ | সপ্তাহ |
|---|---|---|---|---|---|
| ১. | খুলনা | ০৭-১১ জুলাই, ২০২৪ | ৫. | ঢাকা | ০৮-১২ সেপ্টেম্বর, ২০২৪ |
| ২. | বরিশাল | ২১-২৫ জুলাই, ২০২৪ | ৬. | চট্টগ্রাম | ২২-২৬ সেপ্টেম্বর, ২০২৪ |
| ৩. | সিলেট | ০৪-০৮ আগস্ট, ২০২৪ | | | |
| ৪. | ময়মনসিংহ | ২৫-২৯ আগস্ট, ২০২৪ | | | |

০৪। সপ্তাহব্যাপী সংশ্লিষ্ট বিভাগের সকল সিটি কর্পোরেশন এবং জেলা সদরের পৌরসভায় অবস্থিত অত্র ব্যাংকসহ সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান সমূহের শাখাসমূহে Customer Awareness Week আয়োজন এবং গ্রাহক-স্বার্থ সংরক্ষণে করণীয় বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রধানগণের উপস্থিতিতে নিম্নোক্ত সূচি অনুযায়ী উদ্বোধনী অনুষ্ঠানসমূহ আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ-

| ক্র. নং | বিভাগ | জেলা | তারিখ | ক্র. নং | বিভাগ | জেলা | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | খুলনা | যশোর | ০৬ জুলাই, ২০২৪ | ৫. | ঢাকা | গোপালগঞ্জ | ০৭ সেপ্টেম্বর, ২০২৪ |
| ২. | বরিশাল | পটুয়াখালী | ২০ জুলাই, ২০২৪ | ৬. | চট্টগ্রাম | কক্সবাজার | ২১ সেপ্টেম্বর, ২০২৪ |
| ৩. | সিলেট | সুনামগঞ্জ | ০৩ আগস্ট, ২০২৪ | | | | |
| ৪. | ময়মনসিংহ | জামালপুর | ২৪ আগস্ট, ২০২৪ | | | | |

০৫। Customer Awareness Week আয়োজনে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছেঃ-

- **গ্রাহক সচেতনতামূলক অডিও ভিজ্যুয়াল প্রেজেন্টেশন (এভি) প্রদর্শনঃ** শাখায় দাপ্তরিক সময়সীমার মধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরবরাহকৃত গ্রাহক সচেতনতামূলক এভি সার্বক্ষণিক সম্প্রচার করতে হবে। সংশ্লিষ্ট শাখায় এভি সম্প্রচারের জন্য প্রয়োজনীয় মাল্টিমিডিয়া সাপোর্ট নিশ্চিত করতে হবে।
- **স্ট্যান্ড ব্যানার ও পোস্টার সজ্জাঃ** এভির কনটেন্টসমূহ ব্যবহার করে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যান্ড ব্যানার/ঝুলন্ত পোস্টার তৈরী করে সহজে দৃষ্টিগোচর হয় শাখার এমন স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, শাখার মূল ফটকে **'গ্রাহক সচেতনতা সপ্তাহ'** নির্দেশক ব্যানার বা পোস্টার প্রদর্শন করতে হবে।

- **Dedicated Customer Awareness Officer মনোনয়নঃ** প্রতিটি শাখায় Customer Awareness Week চলাকালীন গ্রাহকগণের যে কোন প্রশ্নের জবাব প্রদানের জন্য একজন Dedicated Customer Awareness Officer নিয়োজিত করতে হবে।
- **গ্রাহক সচেতনতামূলক সভা আয়োজনঃ** Customer Awareness Week চলাকালীন শাখায় সুবিধাজনক সময়ে একটি গ্রাহক সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।
- **মন্তব্য রেজিস্টার সংরক্ষণঃ** Customer Awareness Week বিষয়ে গ্রাহকদের মন্তব্য/মতামত গ্রহণের জন্য শাখায় একটি মন্তব্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

০৬। সংশ্লিষ্ট শাখাসমূহ Customer Awareness Week আয়োজনের সকল প্রমাণক গুরুত্বের সহিত শাখায় সংরক্ষণ করবেন। উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংক দেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে আলোচ্য কর্মসূচীর আয়োজন করেছে এবং Customer Awareness Week আয়োজন কালীন সময়ে বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি দল সংশ্লিষ্ট সকল শাখায় সরেজমিন পরিদর্শন করবেন।

০৭। অত্র ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহে বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী Customer Awareness Week আয়োজন সফল করার লক্ষ্যে ফেস্টুন, ব্যানার, মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং গ্রাহক সমাবেশ আয়োজনের জন্য সর্বমোট ৯৭ টি শাখায় শাখা প্রতি ১২,০০০/- (বারো) হাজার টাকা করে মোট ১১,৬৪,০০০/-(এগারো লক্ষ চৌষট্টি হাজার) টাকা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বাজেট বরাদ্ধের সদয় অনুমোদন প্রদান করা হয়েছে।

**আলোচ্য Customer Awareness Week আয়োজন সফল করার লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত সদয় সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছেঃ**

ক) বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট শাখাসমূহে Customer Awareness Week আয়োজনে উপরোক্ত অনুচ্ছেদ নং-০৫ এ বর্ণিত কার্যক্রম সমূহ গ্রহণ করার জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপক-কে নির্দেশনা প্রদান;

খ) অত্র ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহে বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী Customer Awareness Week আয়োজন সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল বিভাগের ০১ জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর অত্র বিভাগে প্রেরণের জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক-কে নির্দেশনা প্রদান;

গ) আলোচ্য Customer Awareness Week আয়োজন কালীন সময়ে বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি দল সংশ্লিষ্ট শাখাসমূহে সরেজমিন পরিদর্শন করবেন বিধায় প্রতিনিধি দল কে সার্বিক সহযোগিতা করার জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও শাখা ব্যবস্থাপক-কে নির্দেশনা প্রদান;

ঘ) আলোচ্য Customer Awareness Week আয়োজনে অত্র বিভাগের জনাব আবিদ আহমদ আফজাল, সহকারী মহাব্যবস্থাপক (মোবাইল নং-০১৯১১৯৯২৮১৪) ও জনাব মোঃ রেদোয়ান হোসেন, মুখ্য কর্মকর্তা (মোবাইল নং-০১৯১২১০৭৭০৬) কে সংশ্লিষ্ট শাখাসমূহের সাথে সার্বিক যোগাযোগ রক্ষা করা এবং অত্র বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট শাখাসমূহে সরেজমিন পরিদর্শন করার নির্দেশনা প্রদান;

০৮। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহে Customer Awareness Week আয়োজন সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাদেরকে বিনীত অনুরোধ করা হলো।

০৯। বিষয়টি বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট বিধায় অধিকতর গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৫.০৬.২০২৪ইং

(মো: সাখাওয়াত হোসেন)
উপমহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনামতে।

সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। অফিস নথি।

০৫/০৬/২৪ইং

(আবিদ আহমদ আফজাল)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
## প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট

সূত্রঃ এফআইসিএসডি/২১০০/২০২৪-৪৫৫

তারিখঃ ১৭ এপ্রিল, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Customer Awareness Week আয়োজনে করণীয় প্রসঙ্গে।**

এ বিভাগের উদ্যোগে গ্রাহকদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল জেলা শহরে অবস্থিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শাখা পর্যায়ে নিম্নোক্ত সূচি অনুযায়ী Customer Awareness Week (গ্রাহক সচেতনতা সপ্তাহ) আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ-

| ক্র. নং | বিভাগ | সপ্তাহ | ক্র. নং | বিভাগ | সপ্তাহ |
|---|---|---|---|---|---|
| ১. | রংপুর | ০৫-০৯ মে, ২০২৪ | ৫. | সিলেট | ২১-২৫ জুলাই, ২০২৪ |
| ২. | রাজশাহী | ১৯-২৩ মে, ২০২৪ | ৬. | ময়মনসিংহ | ০৪-০৮ আগস্ট, ২০২৪ |
| ৩. | খুলনা | ০২-০৬ জুন, ২০২৪ | ৭. | ঢাকা | ২৫-২৯ আগস্ট, ২০২৪ |
| ৪. | বরিশাল | ০৭-১১ জুলাই, ২০২৪ | ৮. | চট্টগ্রাম | ০৮-১২ সেপ্টেম্বর, ২০২৪ |

২। সপ্তাহব্যাপী সংশ্লিষ্ট বিভাগের সকল জেলা শহরে অবস্থিত শাখাসমূহে Customer Awareness Week আয়োজন এবং গ্রাহক-স্বার্থ সংরক্ষণে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের করণীয় বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগে কার্যরত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধানগণের উপস্থিতিতে নিম্নোক্ত সূচি অনুযায়ী উদ্বোধনী অনুষ্ঠানসমূহ আয়োজিত হবেঃ-

| ক্র. নং | বিভাগ | জেলা | তারিখ | ক্র. নং | বিভাগ | জেলা | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | রংপুর | পঞ্চগড় | ০৪ মে, ২০২৪ | ৫. | সিলেট | সুনামগঞ্জ | ২০ জুলাই, ২০২৪ |
| ২. | রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | ১৮ মে, ২০২৪ | ৬. | ময়মনসিংহ | জামালপুর | ০৩ আগস্ট, ২০২৪ |
| ৩. | খুলনা | মেহেরপুর | ০১ জুন, ২০২৪ | ৭. | ঢাকা | গোপালগঞ্জ | ২৪ আগস্ট, ২০২৪ |
| ৪. | বরিশাল | পটুয়াখালী | ০৬ জুলাই, ২০২৪ | ৮. | চট্টগ্রাম | কক্সবাজার | ০৭ সেপ্টেম্বর, ২০২৪ |

৩। Customer Awareness Week আয়োজনের সার্বিক কার্যক্রম তদারকি ও সমন্বয়ের বিষয়ে এফআইসিএসডি'র স্ট্র্যাটেজিক কম্যুনিকেশন টিম, বাংলাদেশ ব্যাংকের ঢাকার বাইরে অবস্থিত প্রতিটি অফিসের সিআইপিসি হতে মনোনীত প্রতিনিধিগণ এবং ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অভিযোগ ব্যবস্থাপনা সেলের প্রধানদের অংশগ্রহণে আগামী ২৩/০৪/২০২৪ তারিখ দুপুর ২:৩০ এ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়স্থ 'জাহাঙ্গীর আলম কনফারেন্স হল'-এ একটি কর্মশালার আয়োজন করা হয়েছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ফোন : ৮৮-০২-৯৫৫০৪৪৮, ৯৫৫৪৮৯৬, আইপি ঃ ৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৩০৪৭৯, Web : www.bb.org.bd

৫০১১৯


# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।




৪। Customer Awareness Week আয়োজনে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা দেওয়া হলোঃ-

- **গ্রাহক সচেতনতামূলক অডিও ভিজুয়্যাল প্রেজেন্টেশন (এভি) প্রদর্শনঃ** শাখায় দাপ্তরিক সময়সীমার মধ্যে এ বিভাগ কর্তৃক সরবরাহকৃত গ্রাহক সচেতনতামূলক এভি সার্বক্ষণিক সম্প্রচার করতে হবে। সংশ্লিষ্ট শাখায় এভি সম্প্রচারের জন্য প্রয়োজনীয় মাল্টিমিডিয়া সাপোর্ট নিশ্চিত করতে হবে।
- **স্ট্যান্ড ব্যানার ও পোস্টার সজ্জাঃ** এভির কনটেন্টসমূহ ব্যবহার করে প্রয়োজনীয় সংখ্যক স্ট্যান্ড ব্যানার/ঝুলন্ত পোস্টার তৈরী করে সহজে দৃষ্টিগোচর হয় শাখার এমন স্থানে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া, শাখার মূল ফটকে **'গ্রাহক সচেতনতা সপ্তাহ'** নির্দেশক ব্যানার বা পোস্টার প্রদর্শন করতে হবে।
- **Dedicated Customer Awareness Officer মনোনয়নঃ** প্রতিটি শাখায় Customer Awareness Week চলাকালীন গ্রাহকগণের যে কোন প্রশ্নের জবাব প্রদানের জন্য একজন Dedicated Customer Awareness Officer নিয়োজিত করতে হবে।
- **গ্রাহক সচেতনতামূলক সভা আয়োজনঃ** Customer Awareness Week চলাকালীন শাখায় সুবিধাজনক সময়ে একটি গ্রাহক সচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।
- **মন্তব্য রেজিস্টার সংরক্ষণঃ** Customer Awareness Week বিষয়ে গ্রাহকদের মন্তব্য/মতামত গ্রহণের জন্য শাখায় একটি মন্তব্য রেজিস্টার সংরক্ষণ করতে হবে।
- **ফোকাল পয়েন্ট এর তথ্যাদি প্রেরণঃ** Customer Awareness Week সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে বাংলাদেশ ব্যাংক ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে সমন্বয়ের লক্ষ্যে ফোকাল পয়েন্ট হিসেবে আপনাদের অভিযোগ ব্যবস্থাপনা সেলের প্রধানের তথ্যাদি (নাম, পদবী, ইমেইল ও সেলফোন নম্বর) পত্র ইস্যুর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।
- **কর্মশালায় অংশগ্রহণঃ** আগামী ২৩/০৪/২০২৪ তারিখ দুপুর ২:৩০ এ বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়স্থ 'জাহাঙ্গীর আলম কনফারেন্স হল'-এ আয়োজিত কর্মশালায় আপনাদের অভিযোগ ব্যবস্থাপনা সেলের প্রধানের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

ধন্যবাদান্তে,

(মোঃ রাইসুল ইসলাম)
যুগ্মপরিচালক
ফোনঃ ৫৫৬৬৫০০১-৬/২০৫৬১

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ফাইন্যান্সিয়াল ইন্টিগ্রিটি এন্ড
কাস্টমার সার্ভিসেস ডিপার্টমেন্ট

সূত্রঃ এফআইসিএসডি/২১০০/২০২৪-৫১৭

তারিখঃ ২৯ এপ্রিল, ২০২৪।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

প্রিয় মহোদয়,

**Customer Awareness Week আয়োজনে করণীয় প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে এ বিভাগের ১৭ এপ্রিল, ২০২৪ তারিখের পত্র নং-এফআইসিএসডি/২১০০/২০২৪-৪৫৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এ বিভাগের উদ্যোগে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রাহকদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জেলা শহরে অবস্থিত সকল শাখায় Customer Awareness Week (গ্রাহক সচেতনতা সপ্তাহ) আয়োজনের পূর্ণাঙ্গ সূচী আপনাদেরকে অবহিত করা হয়েছিল। অনিবার্য কারণবশতঃ Customer Awareness Week এর সূচী নিম্নোক্তরূপে পুনঃনির্ধারণ করা হলোঃ-

| ক্র. নং | বিভাগ | সপ্তাহ | ক্র. নং | বিভাগ | সপ্তাহ |
|---|---|---|---|---|---|
| ১. | রংপুর | ১৯-২৩ মে, ২০২৪ | ৫. | সিলেট | ০৪-০৮ আগস্ট, ২০২৪ |
| ২. | রাজশাহী | ০২-০৬ জুন, ২০২৪ | ৬. | ময়মনসিংহ | ২৫-২৯ আগস্ট, ২০২৪ |
| ৩. | খুলনা | ০৭-১১ জুলাই, ২০২৪ | ৭. | ঢাকা | ০৮-১২ সেপ্টেম্বর, ২০২৪ |
| ৪. | বরিশাল | ২১-২৫ জুলাই, ২০২৪ | ৮. | চট্টগ্রাম | ২২-২৬ সেপ্টেম্বর, ২০২৪ |

২। Customer Awareness Week এর সূচী পরিবর্তনের কারণে উদ্বোধনী অনুষ্ঠানসমূহও নিম্নোক্ত সূচী অনুযায়ী পুনঃনির্ধারণ করা হলোঃ-

| ক্র. নং | বিভাগ | জেলা | তারিখ | ক্র. নং | বিভাগ | জেলা | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | রংপুর | পঞ্চগড় | ১৮ মে, ২০২৪ | ৫. | সিলেট | সুনামগঞ্জ | ০৩ আগস্ট, ২০২৪ |
| ২. | রাজশাহী | চাঁপাইনবাবগঞ্জ | ০১ জুন, ২০২৪ | ৬. | ময়মনসিংহ | জামালপুর | ২৪ আগস্ট, ২০২৪ |
| ৩. | খুলনা | যশোর | ০৬ জুলাই, ২০২৪ | ৭. | ঢাকা | গোপালগঞ্জ | ০৭ সেপ্টেম্বর, ২০২৪ |
| ৪. | বরিশাল | পটুয়াখালী | ২০ জুলাই, ২০২৪ | ৮. | চট্টগ্রাম | কক্সবাজার | ২১ সেপ্টেম্বর, ২০২৪ |

৩। উল্লেখ্য, Customer Awareness week আয়োজন সংক্রান্ত এ বিভাগের ১৭ এপ্রিল, ২০২৪ তারিখের পত্রের অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ধন্যবাদান্তে,

(মোঃ রাইসুল ইসলাম)
যুগ্মপরিচালক
ফোনঃ ৫৫৬৬৫০০১-৬/২০৫৬১

**বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী অত্র ব্যাংকের নিম্নোক্ত শাখাসমূহে Customer Awareness Week আয়োজনের সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ-**

| ক্র | বিভাগীয় কার্যালয় ঢাকা এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ঢাকা সিটি কর্পোঃ (উঃ) | ঢাকা সিটি কর্পোঃ (দঃ) | গাজীপুর সিটি কর্পোঃ | নারায়ণগঞ্জ সিটি কর্পোঃ | নরসিংদী পৌরসভা | টাঙ্গাইল পৌরসভা | মানিকগঞ্জ পৌরসভা | মুন্সীগঞ্জ পৌরসভা |
| ১ | খামারবাড়ী শাখা | চকবাজার শাখা | গাজীপুর শাখা | নারায়ণগঞ্জ কর্পোঃ শাখা | নরসিংদী শাখা | টাঙ্গাইল শাখা | মানিকগঞ্জ শাখা | মুন্সীগঞ্জ শাখা |
| ২ | মিরপুর শাখা | ডেমরা বাজার শাখা | কোনাবাড়ী শাখা | পৌরমার্কেট শাখা | | | জাগির শাখা | |
| ৩ | শ্যামলী শাখা | ফরাশগঞ্জ শাখা | টঙ্গী শাখা | সিদ্ধিরগঞ্জ শাখা | | | | |
| ৪ | স্টাফ কলেজ শাখা | জুরাইন শাখা | | বন্দর শাখা | | | | |
| ৫ | মোহাম্মদপুর শাখা | কামরাঙ্গীরচর শাখা | | | | | | |
| ৬ | বাড্ডা শাখা | স্থানীয় মুখ্য কার্যালয় | | | | | | |
| ৭ | বনানী কর্পোঃ শাখা | নন্দীপাড়া শাখা | | | | | | |
| ৮ | কাওরানবাজার কর্পোঃ শাখা | শনিরআখড়া শাখা | | | | | | |
| ৯ | উত্তরা শাখা | | | | | | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় চট্টগ্রাম এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | |
|---|---|---|---|---|---|
| | চট্টগ্রাম সিটি কর্পোঃ | রাঙ্গামাটি পৌরসভা | কক্সবাজার পৌরসভা | খাগড়াছড়ি পৌরসভা | বান্দরবান পৌরসভা |
| ১ | শোলশহর শাখা | রাঙ্গামাটি শাখা | কক্সবাজার শাখা | খাগড়াছড়ি শাখা | বান্দরবান শাখা |
| ২ | খাতুনগঞ্জ শাখা | | | | |
| ৩ | টি-বোর্ড শাখা | | | | |
| ৪ | কামালবাজার শাখা | | | | |
| ৫ | চাক্তাই শাখা | | | | |
| ৬ | চট্টগ্রাম কর্পোঃ শাখা | | | | |
| ৭ | আগ্রাবাদ কর্পোঃ শাখা | | | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় কুমিল্লা এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | কুমিল্লা সিটি কর্পোঃ | ফেনী পৌরসভা | ব্রহ্মণবাড়ীয়া পৌরসভা | নোয়াখালী পৌরসভা | চাঁদপুর পৌরসভা | লক্ষীপুর পৌরসভা |
| ১ | কুমিল্লা শাখা | ফেনী শাখা | ব্রহ্মণবাড়ীয়া শাখা | মাইজদীকোর্ট শাখা | চাঁদপুর শাখা | লক্ষীপুর শাখা |
| ২ | পুলিশ লাইন শাখা | মুক্তবাজার শাখা | | | পুরানবাজার শাখা | |
| ৩ | গলিয়ারা শাখা | | | | আশিকটি শাখা | |

| ক্র | বিভাগীয় কার্যালয় খুলনা এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | |
|---|---|---|---|---|---|
| | খুলনা সিটি কর্পোঃ | যশোর পৌরসভা | সাতক্ষীরা পৌরসভা | নড়াইল পৌরসভা | বাগেরহাট পৌরসভা |
| ১ | খুলনা কর্পোঃ শাখা | যশোর শাখা | সাতক্ষীরা শাখা | নড়াইল শাখা | বাগেরহাট শাখা |
| ২ | কেডিএ বাস টার্মিনাল শাখা | | | | দরগা শাখা |
| ৩ | দৌলতপুর শাখা | | | | |
| ৪ | লবনচরা শাখা | | | | |
| ৫ | নিউ মার্কেট শাখা | | | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় কুষ্টিয়া এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | |
|---|---|---|---|---|---|
| | কুষ্টিয়া পৌরসভা | চুয়াডাঙ্গা পৌরসভা | মাগুরা পৌরসভা | ঝিনাইদহ পৌরসভা | মেহেরপুর পৌরসভা |
| ১ | কুষ্টিয়া শাখা | চুয়াডাঙ্গা শাখা | মাগুরা শাখা | ঝিনাইদহ শাখা | মেহেরপুর শাখা |
| ২ | বড়বাজার শাখা | | | | |
| ৩ | বারখাদা শাখা | | | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় সিলেট এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | |
|---|---|---|---|---|
| | সিলেট সিটি কর্পোঃ | মৌলভীবাজার পৌরসভা | হবিগঞ্জ পৌরসভা | সুনামগঞ্জ পৌরসভা |
| ১ | সিলেট কর্পোঃ শাখা | মৌলভীবাজার শাখা | হবিগঞ্জ শাখা | সুনামগঞ্জ শাখা |
| ২ | বন্দরবাজার শাখা | | | |
| ৩ | আম্বরখানা শাখা | | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | |
|---|---|---|---|---|---|
| | ময়মনসিংহ সিটি কর্পোঃ | শেরপুর পৌরসভা | জামালপুর পৌরসভা | নেত্রকোণা পৌরসভা | কিশোরগঞ্জ পৌরসভা |
| ১ | ময়মনসিংহ শাখা | শেরপুর শাখা | জামালপুর শাখা | নেত্রকোণা শাখা | কিশোরগঞ্জ শাখা |
| ২ | জেইলরোড শাখা | | | কুরপার শাখা | |
| ৩ | এগ্রি ইউনিভার্সিটি শাখা | | | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় ফরিদপুর এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | |
|---|---|---|---|---|---|
| | ফরিদপুর পৌরসভা | শরীয়তপুর পৌরসভা | রাজবাড়ী পৌরসভা | মাদারীপুর পৌরসভা | গোপালগঞ্জ পৌরসভা |
| ১ | ফরিদপুর শাখা | শরীয়তপুর শাখা | রাজবাড়ী শাখা | মাদারীপুর শাখা | গোপালগঞ্জ শাখা |
| ২ | বাইতুল আমান শাখা | | শ্রীপুর শাখা | | |

| ক্র | বিভাগীয় কার্যালয় বরিশাল এর সংশ্লিষ্ট শাখাসমূহ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | বরিশাল সিটি কর্পোঃ | ঝালকাঠি পৌরসভা | পটুয়াখালী পৌরসভা | পিরোজপুর পৌরসভা | ভোলা পৌরসভা | বরগুনা পৌরসভা |
| ১ | বরিশাল শাখা | ঝালকাঠি শাখা | পটুয়াখালী শাখা | পিরোজপুর শাখা | ভোলা শাখা | বরগুনা শাখা |
| ২ | রায়পাশা শাখা | বাসন্ডা শাখা | | | | |

১৫.০৮.২৪

মোঃ রেদোয়ান হোসেন
মুখ্য কর্মকর্তা
ভিজিলেন্স স্কোয়াড বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

১৫/৮/২৪ ইং

Abid Ahmad Afzal
Assistant General Manager
Vigilance Squad Department
Bangladesh Krishi Bank
Head Office, Dhaka.